# সেবা প্রদান প্রতিশ্রুতি
# (Citizen's Charter)

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।
ফোন: +৮৮-০২- ৫৮১৫১৪৪৫ , ফ্যাক্স:+৮৮ ০২- ৫৮১৫৭৯৮৩
website: www.bfa.gov.bd, E-mail: bfarchivebd@gmail.com, dg@bfa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
www.bfa.gov.bd

## ♦ ভূমিকা :

চলচ্চিত্র সামগ্রী সংগ্রহ, সংরক্ষণ ও গবেষণার মাধ্যমে জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সংরক্ষণের ক্ষেত্রে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি জাতীয় প্রতিষ্ঠান। ১৯৭৮ সালে তথ্য মন্ত্রণালয়ের অধীনে 'ফিল্ম ইনস্টিটিউট ও আর্কাইভ' নামে এ প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়। পরবর্তীতে ১৯৮৪ সালে এনাম কমিটির সুপারিশের প্রেক্ষিতে এর নামকরণ করা হয় 'বাংলাদেশ ফিল্ম আর্কাইভ'। এ প্রতিষ্ঠান ১৯৮০ সালে আন্তর্জাতিক ফেডারেশন অব ফিল্ম আর্কাইভস্ (FIAF)-এর সদস্য পদ লাভ করে। বাংলাদেশসহ বিশ্বের ১৪১টি দেশের ফিল্ম আর্কাইভ আন্তর্জাতিক এ সংস্থার সদস্য। এছাড়াও ২০১৯ সালে ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব অডিও ভিজ্যুয়াল আর্কাইভস (IASA) এর ইন্সটিটিউশনাল সদস্যপদ লাভ করেছে।

## ♦ বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার লক্ষ্য ও উদ্দেশ্য :

চলচ্চিত্র তথা চলমান ইমেজে দেশের কৃষ্টি, সংস্কৃতি ও সময়কে সুবিন্যস্ত ও বৈজ্ঞানিকভাবে সংরক্ষণ ও বিকাশ করা এর অন্যতম লক্ষ্য।

দেশী-বিদেশী দুষ্প্রাপ্য ও ধ্রুপদী চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী সংগ্রহ এবং পদ্ধতিগতভাবে দীর্ঘস্থায়ী সংরক্ষণ, শিক্ষা ও গবেষণাকর্ম পরিচালনা, সংগৃহীত ছায়াছবি প্রদর্শনী, চলচ্চিত্র উৎসব আয়োজন, নিয়মিতভাবে লাইব্রেরি ব্যবহার, ছায়াছবির ওপর সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, সভা ইত্যাদির আয়োজন এবং ফিল্ম সংক্রান্ত ম্যাগাজিন, বুলেটিন, ক্যাটালগ, সিনোপসিস, সংক্ষিপ্ত চিত্রকাহিনী ইত্যাদি প্রকাশের মাধ্যমে সুস্থ ও বিনোদনধর্মী ছায়াছবি বিকাশে অবদান রাখা বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য।

## ♦ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যাবলী :

(ক) দেশীয় ও আর্ন্তজাতিক উৎস থেকে চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী সংগ্রহ করা।
(খ) সংগৃহীত চলচ্চিত্র ফিল্ম-ভল্টে নিয়ন্ত্রিত তাপমাত্রায় রক্ষণাবেক্ষণ এবং চলচ্চিত্র সামগ্রী সংরক্ষণ করা।
(গ) দুস্পাপ্য ও ধ্রুপদী চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী মুদ্রণ, পুন:মুদ্রণ করা।
(ঘ) দীর্ঘকালীন চলচ্চিত্র সংরক্ষণ এবং শিক্ষা ও গবেষণার জন্য সংগৃহীত চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী সময়ে সময়ে পরীক্ষা করা এবং প্রয়োজনে পুন:মুদ্রণ করা।
(ঙ) চলচ্চিত্র সংক্রান্ত গ্রন্থ, সাময়িকী, প্রকাশনা, গানের বই, পোস্টার, প্রচারপত্র, স্থিরচিত্র, পড়ুলিপি ও আনুষঙ্গিক সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণ করা।
(চ) আর্কাইভের সংগ্রহ থেকে নিয়মিত চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা করা।
(ছ) আর্কাইভ এবং চলচ্চিত্র সংক্রান্ত বিশেষায়িত লাইব্রেরিতে চলচ্চিত্রসেবীদের পড়াশুনার সুযোগ সমপ্রসারণ করা।
(জ) চলচ্চিত্রের উপর সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, পোস্টার প্রদর্শনী, সভা ইত্যাদির আয়োজন করা।
(জ) দেশে বিদেশী ছবি এবং বিদেশে দেশীয় ছবি প্রদর্শনের জন্য চলচ্চিত্র উৎসবের আয়োজন করা।
(ঞ) চলচ্চিত্র সংক্রান্ত বিষয়ে গবেষণা ও প্রকাশনার ব্যবস্থা করা।
(চ) চলচ্চিত্র বিষয়ক প্রশিক্ষন পরিচালনা করা।
(ছ) ফিল্ম মিউজিয়ামের মাধ্যমে চলচ্চিত্র শিল্পের ইতিহাস ঐতিহ্য বিকাশে বিশেষ ভূমিকা রাখা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

www.bfa.gov.bd

## সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Character)

১) ভিশন (Vision) ও মিশন (Mission):

ভিশন (Vision): চলচ্চিত্র সংশ্লিষ্ট ঐতিহ্য সংগ্রহ ও সংরক্ষণ।

মিশন (Mission): চলচ্চিত্র কেন্দ্রিক জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির লালন, বিকাশ এবং সংরক্ষণ।

২) প্রতিশ্রুত সেবাসমূহ

**২.১) নাগরিক সেবা:**

| ক্রম নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবী, ফোন নাম্বার ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | তথ্য প্রদান | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী তথ্য প্রদানকারী কর্মকর্তার নিকট সরাসরি/ ডাকযোগে আবেদনের মাধ্যমে | প্রশাসন শাখায়/ ওয়েবসাইটে আবেদন ফরম পাওয়া যাবে | প্রতি পৃষ্ঠা ২ টাকা হারে | ২০ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:bfarchivebd@gmail.com |
| ২ | সাপ্তাহিক চলচ্চিত্র প্রদর্শন | সংগৃহীত চলচ্চিত্র পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র, সংবাদচিত্র ও ডিজিটাল ফরমেটে চলচ্চিত্র সপ্তাহে একদিন করে প্রদর্শন করা হয়। এছাড়াও বিশেষ দিন/দিবসে সর্বসাধারণের জন্য বিনামূল্যে চলচ্চিত্র দেখানো হয়। | প্রযোজ্য নয় | বিনামূল্যে | ০১ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ৩ | বিশেষ চলচ্চিত্র প্রদর্শন | চলচ্চিত্র বিষয়ক শিক্ষার্থীগণ ও গবেষকগণ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত চলচ্চিত্র | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | সরকারী নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে - | ০১ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল: |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র, সংবাদচিত্র দেখার সুযোগ পাবেন। | | ক. ফিল্ম ফরমেটে চলচ্চিত্র প্রদর্শনীর জন্য সরকার নির্ধারিত হারে (প্রতি রিল ১৫০/- টাকা) ভাড়া প্রদান করতে হবে।<br>খ. ৩৫ মি:মি: ফিল্ম ও ডিজিটাল ফরমেটে প্রতিটি চলচ্চিত্রের জন্য সরকার নির্ধারিত হারে (প্রতিটি চলচ্চিত্র ১০০০/- টাকা ) ভাড়া প্রদান করতে হবে।<br>গ. প্রজেকশন হল ব্যবহারের জন্য প্রতি শিফটের ২০২০ সালের সরকারী নীতিমালার অনুযায়ী ভাড়া নির্ধারিত হবে। | | bfarchivebd@gmail.com |
| ৪ | নন-কপিরাইট আইটেম সরবারহ | ডিজিটাল ফরমেটে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র এবং সংবাদচিত্র ইত্যাদি সিডি, ডিভিডি, হার্ডড্রাইভে বা পেনড্রাইভে প্রদান করা হয়। | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | সরকারী নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে -<br>ক. ৩০ মিনিট পর্যন্ত ১০০০/-(এক হাজার) টাকা,<br>খ. ৩০ মিনিট থেকে ১ ঘন্টা পর্যন্ত ২০০০/-(দুই হাজার) টাকা ।<br>গ. ১ ঘন্টা থেকে ৩ ঘন্টা পর্যন্ত ৫০০০/-(পাঁচ হাজার) টাকা । | ০৩ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ৫ | কপিরাইট আইটেম সরবারহ | স্বত্বাধীকারীর অনুমতি সাপেক্ষে ডিজিটাল ফরমেটে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র এবং সংবাদচিত্র ইত্যাদি | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | সরকারী নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে -<br>ক. ৩০ মিনিট পর্যন্ত ১০০০/- (এক হাজার) টাকা | ০৩ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | সিডি, ডিভিডি বা পেনড্রাইভে প্রদান করা হয়। | | প্রদান সাপেক্ষে।<br>খ. ৩০ মিনিট থেকে ১ ঘন্টা পর্যন্ত ২০০০/-(দুই হাজার) টাকা প্রদান সাপেক্ষে।<br>গ. ১ ঘন্টা থেকে ৩ ঘন্টা পর্যন্ত ৫০০০/-(পাঁচ হাজার) টাকা প্রদান সাপেক্ষে। | | |
| ৬ | পোস্টার ও স্থিরচিত্রের ব্যবহার | সংরক্ষিত পুরনো ছায়াছবির বিভিন্ন পোস্টার, ফটোসেট ও স্থিরচিত্র ইত্যাদি স্ক্যান কপি বা হার্ড কপি প্রদান করা হয়। | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | সরকারী নির্ধারিত হারে (প্রতি কপি পোস্টার ৩০০/- টাকা এবং স্থিরচিত্র প্রতি কপি ১০০/- টাকা) সার্ভিস চার্জ প্রদান করতে হবে। | ০৩ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ৭ | চলচ্চিত্র জার্নাল ও অন্যান্য প্রকাশনা বিক্রয় | প্রকাশিত জার্নাল ও অন্যান্য প্রকাশনা লাইব্রেরী শাখা থেকে বিক্রয় করা হয়। | www.bfa.gov.bd<br>www.book.bfa.gov.bd<br>ওয়েবসাইটের মাধ্যমে এ সংক্রান্ত তথ্য জানা যাবে। | নির্ধারিত মূল্যে বিক্রি করা হয়। | ০১ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ইমেইল:bfarchivebd@gmail.com |
| ৮ | অডিটোরিয়াম, প্রজেকশন হল এবং সেমিনার হল ভাড়া | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের **অডিটরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহার নীতিমালা-২০২০** অনুযায়ী | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের **অডিটরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহার নীতিমালা-২০২০ অনুযায়ী** | ০৩ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৯ | লাইব্রেরি সদস্যপদ | দপ্তরের লাইব্রেরির সদস্য হওয়া যাবে। | লাইব্রেরি সদস্যপদের জন্য মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | প্রতিজন/ব্যক্তি সরকার নির্ধারিত হারে ফি (২০০/- টাকা) প্রদান করে লাইব্রেরির সদস্য হতে হবে। লাইব্রেরি থেকে কোন ধরনের গ্রন্থ সামগ্রী/বই ধার প্রদান করা হয় না। | ০৩ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ১০ | ওয়েব সাইটের মাধ্যমে তথ্য প্রকাশ | ওয়েবসাইটের মাধ্যমে<br>www.bfa.gov.bd | প্রযোজ্য নয় | | প্রযোজ্য নয় | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ১১ | গবেষণা ফেলোশিপ প্রদান | বিভিন্ন যোগাযোগ মাধ্যমে গবেষণা ফেলোশিপ প্রদানে নিমিত্তে বিজ্ঞপ্তি জারিকরণ। নির্ধারিত নিয়ম অনুযায়ী প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচাই-বাছাই পূর্বক উত্তীর্ণ প্রার্থীদের ই-মেইল, ওয়েবসাইট, ফোন এবং ডাক যোগে অবহিতকরন। | প্রকাশিত বিজ্ঞাপনে বিস্তারিত পাওয়া যাবে। | বিনামূল্যে<br>(প্রতিটি গবেষণার জন্য সরকার নির্ধারিত সম্মানী প্রদান করা হয়) | প্রতি অর্থ বছর | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ১২ | ফিল্ম মিউজিয়াম | বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ফিল্ম সংক্রান্ত বিভিন্ন যন্ত্রাংশ ও দ্রব্যাদি দিয়ে ফিল্ম মিউজিয়ামে জনসাধারনের জন্য উন্মুক্ত করা হয়েছে। | প্রযোজ্য নয় | বিনামূল্যে | সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ০৯.০০ টা- বিকাল০৫.০০ টা | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৩ | চলচ্চিত্র জার্নাল ও অন্যান্য প্রকাশনা | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল' নামে এ প্রতিষ্ঠান থেকে প্রতি অর্থ বছরে একটি চলচ্চিত্র জার্নাল ও সংশ্লিষ্ট বিষয়ে ৫/৬ টি গ্রন্থ প্রকাশিত হয়। জার্নালে লেখা প্রকাশের ক্ষেত্রে সম্পাদনা পরিষদ কর্তৃক অনুমোদিত হতে হবে। | প্রকাশিত বিজ্ঞাপনে বিস্তারিত পাওয়া যাবে | সরকার কর্তৃক নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হয় | প্রকাশিত বিজ্ঞাপনে বিস্তারিত পাওয়া যাবে | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ১৪ | ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্স বা সমরূপ অন্যান্য প্রশিক্ষণ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক চার ও ছয় মাস ব্যাপী ফিল্ম এ্যাপ্রিসিয়েশন কোর্স , শর্ট কোর্স, ফিল্মের সমালোচনা, আলোচনা, চলচ্চিত্র চর্চার আয়োজন করা | প্রকাশিত বিজ্ঞাপনে বিস্তারিত পাওয়া যাবে | সরকার কর্তৃক নির্ধারিত হার | প্রকাশিত বিজ্ঞাপনে বিস্তারিত পাওয়া যাবে | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ১৫ | যৌথ আয়োজনে চলচ্চিত্র উৎসব/চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন | বাংলাদেশ ফিল্ম আর্কাভের সাথে যৌথ আয়োজনে বিভিন্ন চলচ্চিত্র সংসদ ও সংগঠন বিভিন্ন জেলায় স্কুল, কলেজ, ইউনিভার্সিটি, প্রশিক্ষন ইনষ্টিটিউট চলচ্চিত্র প্রদর্শণ আয়োজন করা | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | বিনামূল্যে | যৌথ আয়োজনের অনুমোদিত সিডিউল অনুযায়ী | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ১৬ | চলচ্চিত্র সংক্রান্ত সাময়িকী ও প্রকাশনা সংগ্রহ করা | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের লাইব্রেরিতে বিভিন্ন বই মেলা, বইয়ের স্টল, বিভিন্ন লাইব্রেরী, ব্যক্তি ও প্রতিষ্ঠান থেকে চলচ্চিত্র সংক্রান্ত সাময়িকী ও প্রকাশনা সংগ্রহ করা হয় | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | প্রযোজ্য নয় | সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত ০১ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৭. | এল ইডি ডিসপ্লে এর মাধ্যমে জাতীয় গুরুত্বপূর্ণ তথ্যাদি প্রদর্শন | এল ইডি ডিসপ্লে এর মাধ্যমে জাতীয় গুরুত্বপূর্ণ তথ্যাদি নিয়মিত ভবনের বাহির অংশে প্রদর্শন করা হয় | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনসহ সকাল ০৯.০০ টা-বিকাল ০৩.০০ টা | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |

২.২) প্রাতিষ্ঠানিক সেবা:

| ক্রম নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবী, ফোন নাম্বার ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | তথ্য প্রদান | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী তথ্য প্রদানকারী কর্মকর্তার নিকট সরাসরি/ ডাকযোগে আবেদনের মাধ্যমে | প্রশাসন শাখায়/ ওয়েবসাইটে আবেদন ফরম পাওয়া যাবে | প্রতি পৃষ্ঠা ২ টাকা হারে | ২০ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:bfarchivebd@gmail.com |
| ২. | বিশেষ চলচ্চিত্র প্রদর্শন | চলচ্চিত্র বিষয়ক শিক্ষার্থীগণ ও গবেষকগণ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত চলচ্চিত্র পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র, সংবাদচিত্র দেখার সুযোগ পাবেন। | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | সরকারী নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে -<br>ক. ফিল্ম ফরমেটে চলচ্চিত্র প্রদর্শনীর জন্য সরকার নির্ধারিত হারে (প্রতি রিল ১৫০/- টাকা) ভাড়া প্রদান করতে হবে।<br>খ. ৩৫ মি:মি: ফিল্ম ও ডিজিটাল ফরমেটে প্রতিটি চলচ্চিত্রের জন্য সরকার নির্ধারিত হারে (প্রতিটি চলচ্চিত্র ১০০০/- টাকা ) ভাড়া প্রদান করতে হবে।<br>গ. প্রজেকশন হল ব্যবহারের জন্য প্রতি শিফটের ২০২০ সালের | ০১ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | সরকারী নীতিমালার অনুযায়ী ভাড়া নির্ধারিত হবে। | | |
| ৩. | নন-কপিরাইট আইটেম সরবারহ | ডিজিটাল ফরমেটে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র এবং সংবাদচিত্র ইত্যাদি সিডি, ডিভিডি, হার্ডড্রাইভে বা পেনড্রাইভে প্রদান করা হয়। | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | সরকারী নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে -<br>ক. ৩০ মিনিট পর্যন্ত ১০০০/-(এক হাজার) টাকা,<br>খ. ৩০ মিনিট থেকে ১ ঘন্টা পর্যন্ত ২০০০/-(দুই হাজার) টাকা ।<br>গ. ১ ঘন্টা থেকে ৩ ঘন্টা পর্যন্ত ৫০০০/-(পাঁচ হাজার) টাকা । | ০৩ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ৪. | কপিরাইট আইটেম সরবারহ | স্বত্বাধীকারীর অনুমতি সাপেক্ষে ডিজিটাল ফরমেটে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র এবং সংবাদচিত্র ইত্যাদি সিডি, ডিভিডি বা পেনড্রাইভে প্রদান করা হয়। | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | সরকারী নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে -<br>ক. ৩০ মিনিট পর্যন্ত ১০০০/- (এক হাজার) টাকা প্রদান সাপেক্ষে।<br>খ. ৩০ মিনিট থেকে ১ ঘন্টা পর্যন্ত ২০০০/-(দুই হাজার) টাকা প্রদান সাপেক্ষে।<br>গ. ১ ঘন্টা থেকে ৩ ঘন্টা পর্যন্ত ৫০০০/-(পাঁচ হাজার) টাকা প্রদান সাপেক্ষে। | ০৩ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ৫. | পোস্টার ও স্থিরচিত্রের ব্যবহার | সংরক্ষিত পুরনো ছায়াছবির বিভিন্ন পোস্টার, ফটোসেট ও স্থিরচিত্র ইত্যাদি স্ক্যান কপি বা হার্ড কপি প্রদান করা হয়। | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | সরকারী নির্ধারিত হারে (প্রতি কপি পোস্টার ৩০০/- টাকা এবং স্থিরচিত্র প্রতি কপি ১০০/- টাকা) সার্ভিস চার্জ প্রদান করতে হবে। | ০৩ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬. | চলচ্চিত্র জার্নাল ও অন্যান্য প্রকাশনা বিক্রয় | প্রকাশিত জার্নাল ও অন্যান্য প্রকাশনা লাইব্রেরী শাখা থেকে বিক্রয় করা হয়। | www.bfa.gov.bd www.book.bfa.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে এ সংক্রান্ত তথ্য জানা যাবে। | নির্ধারিত মূল্যে বিক্রি করা হয়। | ০১ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ইমেইল:bfarchivebd@gmail.com |
| ৭. | অডিটোরিয়াম, প্রজেকশন হল এবং সেমিনার হল ভাড়া | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের **অডিটরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহার নীতিমালা-** ২০২০ অনুযায়ী | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের **অডিটরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহার নীতিমালা-২০২০ অনুযায়ী** | ০৩ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ৮. | চলচ্চিত্র জার্নাল ও অন্যান্য প্রকাশনা | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল' নামে এ প্রতিষ্ঠান থেকে প্রতি অর্থ বছরে একটি চলচ্চিত্র জার্নাল ও সংশ্লিষ্ট বিষয়ে ৫/৬ টি গ্রন্থ প্রকাশিত হয়। জার্নালে লেখা প্রকাশের ক্ষেত্রে সম্পাদনা পরিষদ কর্তৃক অনুমোদিত হতে হবে। | প্রকাশিত বিজ্ঞাপনে বিস্তারিত পাওয়া যাবে | সরকার কর্তৃক নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হয় | প্রকাশিত বিজ্ঞাপনে বিস্তারিত পাওয়া যাবে | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ৯. | যৌথ আয়োজনে চলচ্চিত্র উৎসব/চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন | বাংলাদেশ ফিল্ম আর্কাভের সাথে যৌথ আয়োজনে বিভিন্ন চলচ্চিত্র সংসদ ও সংগঠন বিভিন্ন জেলায় স্কুল, কলেজ, ইউনিভার্সিটি, প্রশিক্ষন ইনষ্টিটিউট চলচ্চিত্র প্রদর্শণ আয়োজন করা | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | বিনামূল্যে | যৌথ আয়োজনের অনুমোদিত সিডিউল অনুযায়ী | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১০. | চলচ্চিত্র সংক্রান্ত সাময়িকী ও প্রকাশনা সংগ্রহ করা | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের লাইব্রেরিতে বিভিন্ন বই মেলা, বইয়ের স্টল, বিভিন্ন লাইব্রেরী, ব্যক্তি ও প্রতিষ্ঠান থেকে চলচ্চিত্র সংক্রান্ত সাময়িকী ও প্রকাশনা সংগ্রহ করা হয় | মহাপরিচালক বরাবরে আবেদন করতে হবে | প্রযোজ্য নয় | সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত ০১ কার্যদিবস | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |
| ১১. | ই-টেন্ডারিং ব্যবস্থা | www.eprocure.gov.bd<br>এ ওয়েবসাইটের মাধ্যমে নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহ ই-টেন্ডারে অংশগ্রহণ করে থাকে। | সরকার নির্ধারিত সিপিটিইউ এর স্ট্যান্ডার্ড টেন্ডার ডকুমেন্টের যাচাইকৃত তথ্য ও কাগজপত্র | দরপত্রের ধরণ অনুযায়ী নির্ধারিত টাকা ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারের মাধ্যমে পরিশোধযোগ্য | পিপিআর অনুযায়ী সিডিউল সময়সীমা | পদবি: সহকারী পরিচালক<br>ফোন: ৫৮১৫২২৯৫<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |

২.৩ অভ্যন্তরীন সেবা:

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>(নাম, পদবি, ফোন ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | অর্জিত ছুটির আবেদন অগ্রায়ন (০৩ মাস পর্যন্ত) | ক) আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের (প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অনুযায়ী) অনুমোদনের জন্য অগ্রায়ণ।<br>খ) অগ্রায়ণ মঞ্জুরের পর সংশ্লিষ্টদের অবহিতকরণ | ক) সাদা কাগজে আবেদনপত্র<br>খ) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নম্বর ২৩৯৫) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদন। | বিনামূল্যে | ০৭ (দিন) কার্যদিবস | পদবি: প্রশাসনিক কর্মকর্তা<br>ফোন: ৫৮১৫৭৯৮২<br>ইমেইল:bfarchivebd@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | প্রাপ্তিস্থান : প্রশাসন শাখা | | | |
| ২ | অর্জিত ছুটির আবেদন অগ্রায়ন (বহি:বাংলাদেশ ৩মাস পর্যন্ত) | আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের (প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অনুযায়ী) অনুমোদনের জন্য অগ্রায়ণ।<br><br>অগ্রায়ণ মঞ্জুরের পর সংশ্লিষ্টদের অবহিতকরণ | ক) সাদা কাগজে আবেদনপত্র<br><br>খ) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নম্বর ২৩৯৫) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদন।<br><br>প্রাপ্তিস্থান : প্রশাসন শাখা | বিনামূল্যে | ০৭ (দিন) কার্যদিবস | পদবি: প্রশাসনিক কর্মকর্তা<br>ফোন: ৫৮১৫৭৯৮২<br>ইমেইল:bfarchivebd@gmail.com |
| ৩ | শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুরের আবেদন অগ্রায়ন | আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের জন্য অগ্রায়ণ এবং অবহিতকরণ | ক) সাদা কাগজে আবেদনপত্র<br><br>খ) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নম্বর ২৩৯৫) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রতিবেদন।<br><br>প্রাপ্তিস্থান : প্রশাসন শাখা | বিনামূল্যে | ০৭ (দিন) কার্যদিবস | পদবি: প্রশাসনিক কর্মকর্তা<br>ফোন: ৫৮১৫৭৯৮২<br>ইমেইল:bfarchivebd@gmail.com |
| ৪ | সাধারণ ভবিষ্যৎ তহবিল হতে অগ্রিম মঞ্জুরির | আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের জন্য অগ্রায়ন। অনুমোদনের পর তা | ক) নির্ধারিত ফরমে (বাংলাদেশ ফরম নম্বর-২৬৩৯, গেজেটেড/নন- | বিনামূল্যে | ০৭ (দিন) কার্যদিবস | পদবি: প্রশাসনিক কর্মকর্তা<br>ফোন: ৫৮১৫৭৯৮২<br>ইমেইল:bfarchivebd@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | আবেদন অগ্রায়ন | সংশ্লিষ্টদের অবহিতকরণ | গেজেটেড);<br>খ) সাধারণ ভবিষ্যৎ তহবিলে সর্বশেষ জমাকৃত অর্থের হিসাব বিবরণীর মূলকপি (প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।<br>প্রাপ্তি স্থান: হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, সিএজি | | | |
| ৫ | কর্মকর্তা/কর্মচারীদের গৃহনির্মাণ ঋণের আবেদন অগ্রায়ন | সাদা কাগজে আবেদন প্রাপ্তির পর প্রচলিত বিধি অনুসরণপূর্বক গৃহনির্মাণ ঋণ মঞ্জুরি আদেশ জারি এবং সংশ্লিষ্টকে অবহিতকরণ | ক) সাদা কাগজে আবেদন।<br>খ) যে জমিতে গৃহ নির্মাণ/মেরামত করা হবে সে জমির দলিল/বায়নাপত্র।<br>গ) ১৫০ টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকারনামা এবং<br>ঘ) যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ<br>প্রাপ্তিস্থান: ট্রেজারী/ভেন্ডার | বিনামূল্যে | ০৭ (দিন) কার্যদিবস | পদবি: প্রশাসনিক কর্মকর্তা<br>ফোন: ৫৮১৫৭৯৮২<br>ইমেইল:bfarchivebd@gmail.com |
| ৬. | বিভিন্ন মনিহারী দ্রব্যাদি সরবারহ | অনুমোদিত চাহিদাপত্রের চাহিদ মালামাল প্রদান করা হয় | নির্ধারিত চাহিদাপত্রের ফরমের মাধ্যমে যথাযথ অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হয় | বিনামূল্যে | প্রাপ্যতা অনুযায়ী মজুত থাকা সাপেক্ষে চাহিত মালামাল প্রদান করা হয়<br>০১ কার্যদিবস | স্টোর অফিসার<br>ফোন: ৫৮১৫৭৯৮২<br>ইমেইল:bfarchivebd@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭. | জিপি ফান্ডের অগ্রিম উত্তোলন | আবেদন প্রাপ্তির পর বিল হিসাবরক্ষণ অফিসে প্রেরণ | ক) নির্ধারিত ফরমে আবেদন<br>খ) জিপি ফান্ডে জমাকৃত টাকার হিসাব বিবরনী<br>গ) অগ্রীম উত্তোলনের মঞ্জুরীপত্র।<br>ঘ) নির্ধারিত ফরমে বিল দাখিল<br>প্রাপ্তিস্থান: প্রশাসন শাখা | বিনামূল্যে | ০৭ কার্যদিবস | পদবি: প্রশাসনিক কর্মকর্তা<br>ফোন: ৫৮১৫৭৯৮২<br>ইমেইল:bfarchivebd@gmail.com |
| ৮. | ইন্টারনেট সংযোগ এবং তদারকি | | আবেদনের ফরম<br>প্রাপ্তিস্থান: দাপ্তরিক ওয়েবসাইট | | | পদবি: উপ-সহকারী প্রকৌশলী-০২<br>ফোন: ৫৮১৫৭৫৩৬<br>ইমেইল:bfarchivebd@gmail.com |
| ৯. | কম্পিউটার মেরামত ও রক্ষণাবেক্ষণ | কম্পিউটার ব্যবহার ও রক্ষণাবেক্ষনের সমস্যা হলে প্রয়োজনীয় অনুমোদন সাপেক্ষে সেবা প্রদান | যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন | বিনামূল্যে | ০৫ কার্যদিবস | পদবি: সহকারী পরিচালক (রক্ষণাবেক্ষণ)<br>ফোন: ৫৮১৫৭৫৩৬<br>ইমেইল:bfarchivebd@gmail.com |
| ১০. | ই-ফাইল ম্যানেজম্যান্ট | অভ্যন্তরীন পত্র যোগাযোগ , পত্র জারি এবং পত্র প্রেরণ | আগত ডাক ও অফিস আদেশ | বিনামূল্যে | ০১ কার্যদিবস | পদবি: উপ-সহকারী প্রকৌশলী-০২<br>ফোন: ৫৮১৫৭৫৩৬<br>ইমেইল:bfarchivebd@gmail.com |
| ১১. | পরিবহণ সুবিধা | কর্মকর্তা ও কর্মচারীদের যাতায়াতের জন্য একটি মাইক্রোবাস নির্ধারিত রুটে চলাচল করে। | ক) রুট নির্ধারনকরণে অফিস আদেশ। | বিনামূল্যে | ০৩ কার্যদিবস | পদবি: সহকারী পরিচালক<br>ফোন: ৫৮১৫২২৯৫<br>ইমেইল:<br>bfarchivebd@gmail.com |

**২. অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)**

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করুন:

| ক্রমিক নং | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ... | পদবি: পরিচালক<br>ফোন: ৫৮১৫৭৯৮৪<br>ইমেইল: bfarchivebd@gmail.com | ৩০ কার্যদিবস |
| ২ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | আপিল কর্মকর্তা | পদবি: মহাপরিচালক<br>ফোন : ০২- ৪১০২৪৬৩৬<br>ইমেইল :bfarchivebd@gmail.com | ২০ কার্যদিবস |
| ৩ | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | প্রশাসনিক মন্ত্রণালয়ের অভিযোগ ব্যবস্থাপনা সেল | যুগ্মসচিব (প্রশাসন)<br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা<br>ইমেইল: js.admin@moi.gov.bd | ৬০ কার্যদিবস |

৩) আপনার কাছে আমাদের প্রত্যাশা:

| | |
|---|---|
| ১ | নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদনপত্র জমা প্রদান |
| ২ | নির্ধারিত শাখায় প্রয়োজনীয় সেবামূল্য পরিশোধ করা |
| ৩ | সেবা গ্রহণের জন্য নির্দিষ্ট দিন / নির্ধারিত সময় উপস্থিত থাকা |
| ৪ | প্রয়োজনীয় সকল প্রমাণক কাগজপত্রাদি নির্ধারিত শাখায় দাখিল করা। |
| ৫ | সেবা গ্রহণের জন্য অনাবশ্যক ফোন/তদবির না করা |
| ৬ | সেবা প্রাপ্তিতে বিলম্ব হলে বা কোনো অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট শাখার উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা |

৩) আওতাধীন দপ্তর/সংস্থা/অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সিটিজেনস চার্টার লিঙ্ক আকারে যুক্ত করতে হবে: প্রযোজ্য নয়

৪) আপনার কাছে আমাদের প্রত্যাশা:

| ক্রমিক নং | প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির জন্য করণীয় |
|---|---|
| ১ | নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদনপত্র জমা প্রদান |
| ২ | সঠিক মাধ্যমে প্রয়োজনীয় সেবামূল্য পরিশোধ করা |

২০/০৪/২০২৫
স্মিতা বড়ুয়া
উপ-সহকারী প্রকৌশলী
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

10.04.
মোহাম্মদ আরিফুজ্জামান
সহকারী পরিচালক (মেইনটেন্যান্স)
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।

২০।০৪।২৫
ফারহানা রহমান
পরিচালক
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২১।৪।২৫
মোঃ জসীম উদ্দিন
মহাপরিচালক
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার